# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 23 June, 2025

প্রহসনের নির্বাচনের’ অভিযোগে দায়ের করা মামলায় সাবেক প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদার ১০ দিনের রিমান্ড আবেদন করেছে পুলিশ।

বুধবার (২৩ জুন) রাজধানীর শেরেবাংলা নগর থানার উপপরিদর্শক (এসআই) শামসুজ্জোহা সরকার ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে এই আবেদন করেন।শুনানি অনুষ্ঠিত হবে আজ দুপুর ২টার পর।

গ্রেফতার ও মামলার পটভূমি

মঙ্গলবার (২২ জুন) সন্ধ্যায়, রাজধানীর উত্তরা এলাকা থেকে নুরুল হুদাকে গ্রেফতার করে পুলিশ।প্রত্যক্ষদর্শীদের দাবি অনুযায়ী, স্থানীয় জনতা প্রথমে তাকে আটক করে জুতার মালা পরিয়ে পুলিশের হাতে সোপর্দ করে।সেই ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে।

এর আগে রবিবার সকালে, বিএনপি নেতা সালাহউদ্দিন আহমদ শেরেবাংলা নগর থানায় একটি মামলা দায়ের করেন, যেখানে দশম, একাদশ ও দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পরিচালনাকারী নির্বাচন কমিশনগুলোর বিরুদ্ধে ‘প্রহসনের নির্বাচন’ আয়োজনের অভিযোগ আনা হয়।মামলায় তিন সাবেক প্রধান নির্বাচন কমিশনারসহ মোট ২৪ জনকে এজাহারনামীয় আসামি করা হয়েছে।

মামলার বিবরণ

এজাহারে বিএনপির পক্ষ থেকে দাবি করা হয়, এসব নির্বাচন ছিল ‘নির্বাচন নয়, বরং গণতন্ত্র হত্যার আয়োজন’।তাই সংশ্লিষ্ট কমিশনের সদস্যদের রাষ্ট্রদ্রোহ ও গণতন্ত্রবিরোধী কর্মকাণ্ডে অভিযুক্ত করে বিচার দাবি করা হয়েছে।

নুরুল হুদা গ্রেফতার ১০ দিনের রিমান্ড,প্রহসনের নির্বাচন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 04:27

URL: https://www.timestodaybd.com/national/3567775807